# প্রথমবারের মতো বাংলাদেশে আসছেন পাকিস্তানি অভিনেত্রী হানিয়া আমির



সংগৃহীত ছবি

জনপ্রিয় পাকিস্তানি অভিনেত্রী হানিয়া আমির জানালেন, তিনি খুব শিগগিরই প্রথমবারের মতো বাংলাদেশ সফরে আসছেন। এক ভিডিও বার্তায় বাংলাদেশি ভক্তদের শুভেচ্ছা জানিয়ে ঢাকায় আসার কথা জানিয়েছেন তিনি।

পাকিস্তানের অন্যতম জনপ্রিয় অভিনেত্রী হানিয়া আমির ভক্তদের জন্য নিয়ে এলেন নতুন সুখবর। ‘মুজে পেয়ার হুয়া থা’, ‘মেরে হামসফর’, ‘সাং-এ-মাহ’, ‘আন্না’ ও ‘দিলরুবা’র মতো জনপ্রিয় নাটকের মাধ্যমে তিনি পাকিস্তান ছাড়িয়ে বাংলাদেশেও বিপুল জনপ্রিয়তা অর্জন করেছেন।

এক ভিডিও বার্তায় হানিয়া বলেন, “হাই বাংলাদেশ, আমি হানিয়া বলছি। আমি ঢাকায় আসছি, সবার সঙ্গে দেখা হবে।” তার এ ঘোষণা বাংলাদেশি ভক্তদের মধ্যে উচ্ছ্বাস ছড়িয়ে দিয়েছে।

১৯৯৭ সালের ১২ ফেব্রুয়ারি পাকিস্তানের রাওয়ালপিন্ডিতে জন্ম নেওয়া হানিয়া আমির অভিনয়জগতে প্রবেশ করেন ২০১৬ সালে, ‘জানান’ সিনেমার মাধ্যমে। সোশ্যাল মিডিয়ায় তুমুল জনপ্রিয়তা পাওয়ার পাশাপাশি তার প্রাণবন্ত ব্যক্তিত্ব, আকর্ষণীয় চেহারা এবং ফ্যাশন সেন্স তাকে তরুণ প্রজন্মের কাছে বিশেষভাবে প্রিয় করেছে। বর্তমানে তিনি পাকিস্তানের সর্বোচ্চ পারিশ্রমিকপ্রাপ্ত ও সর্বাধিক অনুসরণীয় অভিনেত্রীদের একজন।